# এসএসসি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন** বিষয় কোড : | ১ | ০ | ২ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. **যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো:** ১০

(ক) আমার প্রিয় খেলা

(খ) নিরাপদ সড়ক

২. **যেকোনো একটি বিষয়ে পত্র লেখো:** ১০

(ক) মনে করো, তুমি শাওন/আনিকা, বগুড়ার অধিবাসী। ফেসবুক আসক্তির কুফল বর্ণনা করে এ ব্যাপারে সতর্ক হবার জন্য তোমার ছোট ভাইকে একখানা পত্র লেখো।

অথবা, (খ) মনে করো, তুমি রাজু/সাবিনা, তোমার বিদ্যালয় 'মুনলাইট উচ্চবিদ্যালয়। শিক্ষা সফরের গুরুত্ব বর্ণনা করে প্রধান শিক্ষকের নিকট শিক্ষা সফরে যাবার অনুমতি প্রার্থনা করে একখানা আবেদনপত্র লেখো।

৩. **সারাংশ লেখো:** ১০

(ক) তুমি জীবনকে সুন্দর করতে চাও ভাল কথা, কিন্তু সেজন্য তোমাকে প্রাণান্ত পরিশ্রম করতে হবে? মহৎ কিছু লাভ করতে হলে কঠোর সাধনা দরকার। তোমাকে অনেক দুঃখ সহ্য করতে হবে। এসব তুচ্ছ করে যদি লক্ষ্যের দিকে ক্রমাগত অগ্রসর হতে থাক, তবে তোমার জীবন সুন্দর হবে। তোমার ভেতর এক 'আমি' আছে। সে বড় দুরন্ত। তাহার স্বভাব পশুর মতো বর্বর ও উচ্ছৃঙ্খল। সে কেবল ভোগ বিলাস চায়। সে বড় লোভী। এই 'আমি' কে জয় করতে হবে। তবেই তোমার জীবন সুন্দর ও সার্থক হবে।

https://teachingbd24.com

অথবা, **সারমর্ম লেখো:**

(খ) "বসুমতি, কেন তুমি এতই কৃপণা?
কত খোঁড়াখুঁড়ি করি পাই শস্যকণা,
দিতে যদি হয় দে মা, প্রসন্ন সহাস
কেন এ মাথার ঘাম পায়েতে বহাস?"
বিনা চাষে শস্য দিলে কী তাহাতে ক্ষতি?
শুনিয়া ঈষৎ হাসি কন বসুমতী—
"আমার গৌরব তাতে সামান্য বাড়ে;
তোমার গৌরব তাহে একেবারেই ছাড়ে।"

৪. **যেকোনো একটির ভাব-সম্প্রসারণ করো:** ১০

(ক) জন্ম হোক যথা তথা কর্ম হোক ভাল।

(খ) পরের অনিষ্ট চিন্তা করে যে জন
নিজের অনিষ্ট বীজ করে সে বপন।

৫. **যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো:** ১০

(ক) মনে করো, তুমি আসিফ ইকবাল/জিনিয়া কবির। তুমি 'দৈনিক প্রথম আলো' পত্রিকার রিপোর্টার। ঢাকা শহরে 'গণপরিবহনে নৈরাজ্য' সম্পর্কে বিবরণ দিয়ে একখানা প্রতিবেদন রচনা করো।

(খ) মনে করো, তুমি অনিশা/জুবায়ের। রাজশাহী জেলা স্কুলের দশম শ্রেণির ছাত্র/ছাত্রী। তোমার স্কুলে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের বর্ণনা দিয়ে প্রধান শিক্ষক বরাবর একখানা প্রতিবেদন তৈরি করো।

৬. **যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:** ২০

(ক) স্বদেশপ্রেম

(খ) বাংলাদেশের বেকার সমস্যা ও তার প্রতিকার

(গ) আধুনিক জীবন ও প্রযুক্তির ব্যবহার

teachingbd24.com

# বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **বাক্যস্থিত পদসমূহের অর্থগত ও ভাবগত মেলবন্ধনকে কী বলে?**
ক আকাঙ্ক্ষা খ আসক্তি
গ আসত্তি ঘ যোগ্যতা

২. **বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য কিসের পরিবর্তন করতে হয়?**
ক অর্থের খ কালের
গ ভাবের ঘ সর্বনামের

৩. **'অহি' শব্দের সমার্থক শব্দ কোনটি?**
ক সাপ খ হাতি
গ হরিণ ঘ শশধর

৪. **'ধাতুর গণ' নির্ণয় করতে কয়টি বিষয়ের প্রতি লক্ষ্য রাখতে হয়?**
ক দুইটি খ তিনটি
গ চারটি ঘ পাঁচটি

৫. **নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?**
ক পাবক খ গবাক্ষ
গ সুবন্ত ঘ তন্বী

৬. **"আছো তুমি প্রভু জগৎ মাঝারে" এখানে 'মাঝারে শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক বাইরে খ মধ্যে
গ ব্যাপ্তি ঘ সঙ্গে

৭. **কমা অপেক্ষা বেশি বিরতীর প্রয়োজন হলে কোন যতিচিহ্ন হয়?**
ক দাঁড়ি খ কোলন
গ সেমিকোলন ঘ ড্যাস

৮. **টপ + টপ > টপাটপ এটি ধ্বনির কোন ধরনের পরিবর্তন?**
ক অপিনিহিতি
খ অসমীকরণ
গ বিষমীভবন
ঘ সমীভবন

৯. **'দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে" বাক্যটিতে অনুসর্গ ব্যবহৃত হয়েছে-**
ক প্রাতিপাদিকের আগে
খ প্রাতিপাদিকের পরে
গ বিশেষণের পরে
ঘ বিভক্তিযুক্ত শব্দের আগে

১০. **'বাঁশি বাজে ঐ মধুর লগনে' এটি কোন বাচ্যের উদাহরণ?**
ক কর্মকর্তৃবাচ্য
খ ভাববাচ্য
গ কর্মবাচ্য
ঘ কর্তৃবাচ্য

১১. **'সামান্য একটু দুধ খাও।'-এ বাক্যে 'সামান্য' কোন পদ?**
ক বিশেষণীয় বিশেষণ
খ সর্বনামের বিশেষণ
গ ক্রিয়া বিশেষণ
ঘ অব্যয়ের বিশেষণ

১২. **'হের' কোন প্রকারের ধাতু?**
ক সাধিত খ সংস্কৃত
গ অজ্ঞাতমূল ঘ বাংলা

১৩. **প্রাণিবাচক ও অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ কোনটি?**
ক আবলি খ সকল
গ গুচ্ছ ঘ বৃন্দ

১৪. **'উড়নচণ্ডী' বাগধারাটির অর্থ কী?**
ক দুর্লভ বস্তু খ প্রচুর ব্যবধান
গ অমিতব্যয়ী ঘ ভীষণ বিপদ

Teachingbd24.com

https://teachingbd24.com

১৫. 'মৃদু' শব্দটির বিপরীত শব্দ কোনটি?
ক হালকা   খ প্রবল
গ লঘু   ঘ শুরু

১৬. শ, ষ, স, হ এ বর্ণগুলোকে বলা হয়-
ক অঘোষ ধ্বনি   খ ঘোষ ধ্বনি
গ অল্প প্রাণ ধ্বনি   ঘ উষ্ম ধ্বনি

১৭. নিত্য স্ত্রীবাচক শব্দের উদাহরণ কোনটি?
ক শ্রীমতি   খ নর্তকী
গ ষোড়শী   ঘ সতীন

১৮. 'ঝন ঝন' শব্দটি যে ধরনের দ্বিরুক্তি-
ক অব্যয়ের   খ পদাত্মক
গ ধ্বন্যাত্মক   ঘ ক্রিয়ার

১৯. 'মুখ চন্দ্রের ন্যায়' মুখচন্দ্র কোন কর্মধারয় সমাস?
ক উপমান কর্মধারয়   খ উপমিত কর্মধারয়
গ মধ্যপদলোপী   ঘ রূপক কর্মধারয়

২০. নিচের কোনটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ?
ক মনু + ষ্ণ = মানব
খ জিত্ + অ = রিত
গ বহ্ + তা = বহতা
ঘ লভ্ + য = লভ্য

২১. 'মরি মরি! কী সুন্দও প্রভাতের রূপ।' বাক্যটিতে অনন্বয়ী অব্যয় দ্বারা কী প্রকাশ পেয়েছে?
ক সম্ভাবনা   খ সম্বোধনা
গ সম্মতি   ঘ উচ্ছ্বাস

২২. নিচের কোনটি সকর্মক ক্রিয়ার উদাহরণ?
ক আমি চোখে দিখে না
খ আমি রাতে যাব না
গ আকাশে চাঁদ দেখি না
ঘ ছেলেটি কানে শোনে না

২৩. 'কাল সন্ধ্যায় বৃষ্টি পড়ছিল' ক্রিয়াটি কোন কালের?
ক সাধারণ অতীত
খ ঘটমান অতীত
গ নিত্যবৃত্ত অতীত
ঘ পুরাঘটিত অতীত

২৪. 'ডাক্তার ডাক'- 'ডাক্তার' শব্দটি কোন কারক?
ক কর্ম কারক   খ করণ কারক
গ অপদান কারক   ঘ কর্তৃকারক

২৫. যে পদেও পরবর্তী ক্রিয়ামূলের সাথে কৃৎ প্রত্যয় যুক্ত হয় তাকে কী বলে?
ক কৃদন্ত পদ   খ উপপদ
গ সমস্তপদ   ঘ পরপদ

২৬. মৌলিক ধাতুর সাথে প্রেরণার্থে আ প্রত্যয় যুক্ত হয়ে কোন ধাতু গঠিত হয়?
ক নাম ধাতু   খ প্রযোজক ধাতু
গ কর্মবাচ্যের ধাতু   ঘ সংযোগমূলক ধাতু

২৭. 'যা দীপ্তি পাচ্ছে' এক কথায় কি বলে?
ক দীপ্তিময়   খ দীপ্যমান
গ দেদীপ্যমান   ঘ দেদীপ্যমাণ

২৮. 'সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি' বাক্যের উদাহরণ?
ক মিশ্র বাক্য   খ সরল বাক্য
গ জটিল বাক্য   ঘ যৌগিক বাক্য

২৯. 'খ্রিষ্টাব্দ' কোন জাতীয় শব্দ?
ক ইংরেজী + তৎসম
খ ইংরেজী + ফারসি
গ ইংরেজী + বাংলা
ঘ ইংরেজী +আরবি

৩০. 'চাহিদা' কোন ভাষার শব্দ?
ক গুজরাটি   খ পাঞ্জাবি
গ তুর্কি   ঘ জাপানি

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | ক | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | গ | ৮ | খ | ৯ | খ | ১০ | ক | ১১ | ক | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | খ |

Teachingbd24.com